

# ঢাবিতে অস্থিতিশীলতা প্রতিরোধে সাংস্কৃতিক প্রতিবাদ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

প্রকাশ : ১০ ডিসেম্বর ২০২২, ১৭:৩৪

ছবি: ইত্তেফাক

রাজধানীর গোলাপবাগে বিএনপির বিভাগীয় সমাবেশকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যাতে কেউ অস্থিতিশীল পরিবেশ তৈরি করতে না পারে এবং শিক্ষা, সংস্কৃতিচর্চার পরিবেশ ও ক্যাম্পাসের স্থিতিশীলতা বজায় থাকে, সে জন্য সাংস্কৃতিক প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসি) সংগঠনগুলো।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শনিবার (১০ ডিসেম্বর) সন্ত্রাসবিরোধী রাজু ভাস্কর্যের পাদদেশে 'বিজয় মঞ্চ: সন্ত্রাস রুখতে সাংস্কৃতিক প্রতিরোধ' শীর্ষক ব্যানারে এই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল

সাড়ে ১০টায় শুরু হয় অনুষ্ঠানটি। এটি চলবে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত।

আয়োজকরা জানান, দিনব্যাপী আয়োজনে প্রতিবাদী গান, নৃত্য, আবৃত্তি, মঞ্চ নাটক, মাইম ও বিতর্ক ছাড়াও প্রখ্যাত ব্যাল্ড দল সহজিয়া, লিসান অ্যান্ড দ্য ব্লাইন্ডমেন ও আপন ঘরের পরিবেশনার মাধ্যমে সচেতন শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্য দিয়ে সন্ত্রাসবিরোধী প্রতিবাদী এই আয়োজন অনুষ্ঠিত হয়।

সম্প্রতি দেশের বিভিন্ন স্থানের মতো ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এ জন্য শিক্ষার্থীরা ক্যাম্পাসের ভেতরে যেকোনো মহলের অপপ্রয়াস রুখে দিতে এই উদ্যোগ নিয়েছেন বলে জানিয়েছেন তারা।